এবং তৎসম্পর্কে কোন আদালত বা ট্রাইব্যুনালে, অথবা উহাদের নিকট, কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) উক্ত যে কোন ফরমান বা কোন সামরিক আইন প্রবিধান বা সামরিক আইন আদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া কোন আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ বা প্রদত্ত কোন দণ্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত সময়ের মধ্যে রাষ্ট্রপতি বা প্রধান সামরিক আইন প্রশাসক বা অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত বা ট্রাইব্যুনালে, অথবা উহাদের নিকট, কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া অথবা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া প্রণীত কোন আদেশ বা প্রদত্ত দণ্ডাদেশসমূহ কার্যকর বা পালন করিবার জন্য প্রণীত কোন আদেশ, কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা কার্যধারার জন্য বা ব্যাপারে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আদালত বা ট্রাইব্যুনালে কোন মামলা, ফৌজদারী কার্যধারা অথবা অন্য কোন আইনগত কার্যধারা চলিবে না।

(৪) উক্ত ফরমানসমসূহের দ্বারা এই সংবিধানের যে সকল সংশোধন, সংযোজন, পবির্তন, প্রতিস্থাপন ও নিলোপসাধন করা হইয়াছে তাহা এইরূপ কার্যকর হইবে যেন অনুরূপ সংশোধন, সংযোজন,পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন এই সংবিধান অনুযায়ী এবং ইহার প্রয়োজন মোতাবেক করা হইয়াছে।

(৫) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে এই সংবিধান উপরি-উক্ত সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন এবং বিলোপসাধন সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা অব্যাহতভাবে সক্রিয় ছিল।

(৬) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময় বিদ্যমান ছিল না।

(৭) উক্ত ফরমানসমূহ বালিত এবং সামরিক আইন প্রত্যাহারের অব্যবহিত পূর্বে বলবৎ সকল আইন, উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৮) সংসদের কোন আইন এবং উহা রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্ট যেরূপ প্রযোজ্য, উক্ত ফরমানসমূহ এবং উক্ত সময়ে প্রণীত সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার এবং উক্ত সামরিক আইন প্রবিধান এবং সামরিক আইন আদেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমানসমূহ এবং যে ফরমান দ্বারা ঐগুলি বাতিল ও সামরিক আইন, প্রত্যাহার করা হইয়াছে তাহা এবং সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহ, সকলই সংসদের আইন ছিল।

(৯) সংবিধানের বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে কোন বিরোধ, বৈপরীত্য,

সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন করা হইয়াছে তাহা, এবং অনুরূপ কোন ফরমান, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত বা আহরিত বলিয়া বিবেচিত ক্ষমতাবলে অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিতে গিয়া বা অনুরূপ বিবেচনায় কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ কিংবা প্রদত্ত কোন দন্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং ঐ সকল আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১৯৮২ সালের ২৪শে মার্চের ফরমান, ইত্যাদির অনুমোদন ও সমর্থন।

১৯। (১) ১৯৮২ সালে ২৪শে মার্চের ফরমান, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত ফরমান বলিয়া উল্লেখিত, এবং ১৯৮২ সালের ২৪শে মার্চ ও সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন) প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত মেয়াদ বলিয়া উল্লেখিত, প্রণীত অন্যান্য সকল ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আই নির্দেশ, অধ্যাদেশ এবং অন্যান্য আইন এতদ্বারা অনুমোদি ও সমর্থিত হইল এবং বৈধভাবে প্রণীত হইয়াছে কিলয়া ঘোষিত হইলে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) উক্ত ফরমান বা অন্য কোন ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রওশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আইন নির্দেশ অধ্যাদেশ বা অন্য কোন আইন হইতে তাহরিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেম বা প্রদত্ত কোন দন্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে রাষ্ট্রপতি বা প্রধান সামরিক আইন প্রশাসক বা অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত বা গৃহীত বলিয়া বিবেইচত আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ, বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া অথবা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া প্রণীত কোন আদেশ বা প্রদত্ত দন্ডাদেশসমূহ কার্যকর বা পালন করিবার জন্য প্রণীত কোন আদেশ, কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা কার্যধারার জন্য বা ব্যাপারে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আদালত বা ট্রাইব্যুনালে কোন মামল, ফৌজদারী কার্যধারা অথবা অন্য কোন আইনগত কার্যধারা চলিবে না।

(৪) তৃতীয় তফসিলে উল্লেখিত কোন পদে উক্ত মেয়াদের মধ্যে যে সকল নিয়োগ প্রদান করা হইয়াছে সেই সকল নিয়োগ বৈভাবে প্রদান করা হইয়াছে বলিযঅ গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা হইবে না, এবং কোন ব্যক্তি উক্ত মেয়াদের মধ্যে উক্ত ফরমানের অধীন এই প্রকার কোন পদে নিযুক্ত হইয়া থাকিলে এবং সংবিধান (সপ্তম সংশোধন ) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন), অতঃপর যাহ এই অনুচ্ছেদে উক্ত আইন বলিয়া উল্লেখিত, প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে উক্ত পদে অধিষ্ঠিত থাকিলে

তিনি উক্ত তারিখ হইতে স্বীয় পদে বহাল থাকিবেন, যেন তিনি এই সংবিধানের অধীন উক্ত পদে নিযুক্ত হইয়াছেন ; এবং তিনি উক্ত কারিখের পর যথাশীঘ্র সম্ভব যাথাযথ ব্যক্তি সম্মখে তৃতীয় তফসিলে র্বিধারিত শপথ বা ঘোষণা-পাঠের ফরমে শপথ বা ঘোষণা-পাঠ করিবেন এবং শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষর দান করিবেন।

(৫) উক্ত মেয়াদের মধ্যে প্রদান সামরিক আইন প্রশাসক যে সকল পদে নিযওগ প্রদান করিয়াছেন সেই সকল পদ যদি উক্ত আইন প্রবর্তনের তারিখের পরেও বহাল থাকে, তাহা হইলে উক্ত তারিখে হইতে সেই সকল পদে নিয়াগ রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(৬) উক্ত আইন প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে বলবৎ সকল অধ্যাদেশ এবং অন্যান্য আইন উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৭) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে এই সংবিধান সম্পূর্ণরূপে পুনরুজ্জীবিত ও পুনর্বহাল হইবে এবং উহা, এই অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা কখনও স্থগিত ছিল না।

(৮) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময়ে বিদ্যমান ছিল না।

(৯) সংসদের কোন আইন এবং উহার রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ এ্যাক্ট যেরূপ প্রযোজ্য, উক্ত ফরমান, এবং উক্ত মেয়াদের মধ্যে প্রণীত অন্যান্য ফরমান, ফরমান-আদেশ, প্রদান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমান ও অন্যান্য ফরমান বাতিল ও উক্ত ফরমান-আদেশ, প্রদান সামরিক আইন প্রশাসকের আদশে, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমান ও অন্যান্য ফরমান, ফরমান-আদেশ প্রদান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আই প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ এবং যে ফরমান দ্বারা উক্ত ফরমান বাতিল করা হইয়াছে তাহা, সকলই সংসদের আইন ছিল।

উপ-রাষ্ট্রপতির নিয়োগ অনুমোদন ও সমর্থন ইত্যাদি।

২১। (১) ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর তারিখে তদানীন্তন রাষ্ট্রপতি কর্তৃক উপ-রাষ্ট্রপতি হিসাবে বাংলাদেশের প্রধান বিচারপতিকে নিয়োগ ও শপথ প্রদান এবং তাহার নিকট পদত্যাগ প্রদান এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালে ৬ই ডিসেম্বর হইতে সংবিধান (একাদশ সংশোধন) আই, ১৯৯১ (আইন নং ২৪, ১৯৯১) এর প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে বা ৪৮(১) অনুচ্ছেদ অনুচ্ছেদ অনুযায়ী নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কার্যভার গ্রহণ করা পর্যন্ত সময়কালের মধ্যে (যাহাই পরে হউক) উক্ত উপ-রাষ্ট্রপতি কর্তৃক অস্থায়ী রাষ্ট্রপতি হিসাবে প্রয়াগকৃত সকল ক্ষমতা, প্রণীত সকল আইন ও অধ্যাদেশ এবং প্রদত্ত কৃত ও গ্রহীত অথবা প্রদত্ত, কৃত ও গৃহীত বলিয়া বিবেচিত সকল আদেশ, সকল কাজ-কর্ম এবং সকল ব্যবস্থা এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং আইনানুযায়ী যথার্থভাবে প্রণীত, প্রদত্ত, কৃত ও গ্রহীতদ হইয়াছি বলিয়া ঘোষিত হইল।

(২) সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৪, ১৯৯১) প্রবর্তনের পর এবং সংবিধান মোতাবেক নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কাযভার গ্রহণের পর উক্ত উপ-রাষ্ট্রপতি বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার ও দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালে ৬ই ডিসেম্বর হইতে তাঁহার উক্ত কার্যভার ও দায়িত্ব গ্রহণের তারিখের মধ্যবর্তী সময় ঝঁঢ়ৎবসব ঈড়ঁৎঃ ঔঁফমবং (খবধাব, চবহংরড়হ ধহফ চৎরারষবমবং) ঙৎফরহধহপব, ১৯৮২ (ঙৎফরহধহপব ঘড়. ঢঢ ড়ভ ১৯৮২) এর ংবপঃরড়হ ২(ধ) এর উদ্দেশ্যসাধরনকল্পে প্রকৃত কর্ম (ধপঃঁধষ ংবৎারপব)  বলিয়া গণ্য হইবে।

২২। সংবিধানে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৮, ১৯৯১) প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে সংসদ কর্মরত ছিল উহা সংবিধান ও আইন অনুযায়ী যথাযথভাবে নির্বাচিত ও গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা সনংবিধানের ৭২ অনুচ্ছেদের বিধান অনুযায়ী বহাল থাকিবে।

২৩। সংসদে মহিলা-সদস্য সম্পর্কিত অস্থায়ী বিশেষ বিধান ।-(১) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যামন সংসদের অবশিষ্ট মেয়াদের জন্য পঁয়তাল্লিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহার আইনানুযায়ী সংসদ সদস্যদের দ্বারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্দতির ভিত্তিতে একক হস্তান্তযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

(২) (১) দফায় উল্লিখিত মেয়াদে, ৬৫ অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিনশত সদস্য এবং এই অনুচ্ছেদে (১) দফায় বর্ণিত পঁয়তাল্লিশ মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।